


## Programme Report of Bengali Department

No. Of event (Date wise)	১
Title of the Event	The relevance of poetry of Modern Computerised world কম্পিউটার নিয়ন্ত্রিত আধুনিক পৃথিবীতে কবিতার প্রাসঙ্গিকতা
Objectives	<ul style="list-style-type: none"> <li>● কম্পিউটারের প্রতি বাধ্যতামূলক সমর্পণের পৃথিবীতে কবিতার তাৎপর্য দান</li> <li>● প্রযুক্তির সঙ্গে কবিতার মত অনুভূত অভিজ্ঞতার বৈরিতা আর বৈরিতা বিহীন যুগ তাৎপর্যদানে এই প্রজন্মকে প্রতিক্রিয়াশীল করে তোলা</li> <li>● ছাত্রীদের এব্যাপারে ওয়াকিবহাল করা।</li> <li>● কবিতার অন্তর্বিষয় চর্চায় কম্পিউটারের স্মৃতিনির্ধারিত শব্দ চয়নিকার সম্পর্ক</li> </ul>
Date & Duration	২৯ এপ্রিল, ২০২৩। সকাল ৯টা-১১টা ৩০ মিনিট
Level of Event (College / State / National / International)	মহারাণী কাশীশ্বরী কলেজ
No of Participants	১৮ জন অধ্যাপক এবং ৯৪ জন ছাত্রী
Description of event	<p>বাঙলা বিভাগ ও পাঠচক্র - সেমিনার কমিটির যুগ্ম তত্ত্বাবধানে শনিবার (২৯-০৪-২৩) সকাল ৯ টায় ৮নম্বর ঘরে আলোচনা চক্র আয়োজিত হয়। আলোচনার মূখ্য বিষয় ছিল 'কম্পিউটার নিয়ন্ত্রিত আধুনিক বিশ্বে কবিতার প্রাসঙ্গিকতা। উপস্থিত ছিলেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডঃ চৈতালি পাল। আমন্ত্রিত বক্তা ছিলেন প্রফুল্লচন্দ্র কলেজের বিভাগীয় প্রধান ডঃ সোনালি রায়। অনুষ্ঠানের সূচনাপর্বে আলোচনা চক্রের আমন্ত্রিত অধ্যাপক, ভারপ্রাপ্ত অধ্যক্ষা, সমস্ত অধ্যাপক - অধ্যাপিকাদের অভিবাদন জানালেন বিভাগীয় প্রধান ডঃ গোবিন্দ মন্ডল। বিষয়ের মূলসূত্র ধরিয়ে অনুষ্ঠান পরিচালনার দায়িত্ব তুলে দেন বিভাগীয় অধ্যাপিকা কল্পনা বসুকে। অতিথি বরণ পর্বে সম্মাননীয় বক্তাকে এবণ কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষাকে বরণ করলেন ডঃ মৌসুমী মল্লিক ও অধ্যাপিকা রত্না মন্ডল।</p> <p>মূল আলোচনার সূত্র সন্ধানের রেখাদানে কল্পনা বসু কবিতার সঙ্গে হৃদয়ের গেরস্থলীর কথা বললেন। প্রযুক্তির আধুনিক ব্যাপকতার পাশে কবিতার মরমী নির্জনতার কথাও বললেন। মূল বক্তা অত্যন্ত নিখুঁত পর্যবেক্ষণ আর ঐতিহাসিক বর্গীকরণের প্রেক্ষিতে ধীরে ধীরে আলোচনায় প্রবেশ করলেন। ছড়া, পদ্য আর কবিতার ক্রমবিকাশে বাঙলার ধারাবাহিকতার প্রসঙ্গ বললেন। কল্লোলের পাশাপাশি সময়ে বিভিন্ন পত্র পত্রিকায় বিজ্ঞাপনের অছিলায় প্রযুক্তি আর কবিতার যুগ্ম অস্তিত্বের উল্লেখ করলেন। আন্তর্জাতিক স্তরে গত শতাব্দীর পঞ্চাশ দশকে প্রথম কম্পিউটার নির্ভর কবিতার দেহী আত্মপ্রকাশের কথা জানা গেল। প্রযুক্তির বাধ্যতামূলক গতিপথে অনুভূত বিষয় আর অবয়ব নির্মাণ প্রসঙ্গে যন্ত্রের মেধা, স্মৃতিরক্ষিত নির্ধারিত চাবিকাঠি পাওয়া যাচ্ছে বর্তমানে। বক্তা জানালেন কবিতা কিন্তু অকারণ আনন্দ লালিত দৈবী যেতনার ঐশী ওজস্বিতার উৎসর। তবে যন্ত্রের প্রতিও নিরপেক্ষ হয়ে বক্তা বললেন বাণলার সাহিত্য চর্চায় মূদ্রণ যন্ত্রের প্রয়োগ প্রযুক্তি আর সাহিত্যের যুগলবন্দী সাক্ষী। কারণ মূদ্রণের সুবাদেই মাইকেল মধুসূদন দত্তের বৈপ্লবিক অমিত্রাক্ষর ছন্দের আধুনিক প্রয়োগ শৈলীর স্বীকৃতি আর বিস্তার এখন ইতিহাস। যন্ত্রের বাধ্যতামূলক অনুসঙ্গ আর মন-মননের নিহিত অবস্থানের দ্বৈত মিলনের সম্ভাব্যতা অস্বীকৃত নয়।</p> <p>মনোজ্ঞ আলোচনায় সমাপ্তি ভাষণ আর ধন্যবাদ জ্ঞাপন করলেন অধ্যাপিকা রত্না</p>

মন্ডল। প্রসঙ্গত আমাদের সহকর্মীদের মধ্যে শ্রীযুক্ত সত্যজিৎ সামন্তের গোটা অনুষ্ঠানের গোড়া থেকে শেষ পর্যন্ত মনোযোগী, ব্যস্ত উপস্থিতি গোটা অনুষ্ঠানটির সফলতার পরিপূরক।

#### Event Notice



#### Programme schedule

বাংলা বিভাগ আয়োজিত আলোচনা চক্র

বিষয় - কম্পিউটার নিয়ন্ত্রিত আধুনিক পৃথিবীতে কবিতার প্রাসঙ্গিকতা

তারিখ- ২৯ এপ্রিল, ২০২৩

অনুষ্ঠানসূচী

অনুষ্ঠান	বক্তা/ কার্য সম্পাদক	সময়
অতিথি বরণ	ড. মৌসুমী মল্লিক, সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ।	সকাল ৯টা- ৯টা ১০মি.
স্বাগত ভাষণ	ড. সীমা চক্রবর্তী, অধ্যাপক, মহারানী কানীশ্বরী কলেজ।	৯টা ১০ মি. - ৯টা ৩০ মি.
মূল আলোচনা	ড. সেনাঙ্গী রায়, সহযোগী অধ্যাপক, প্রফুল্লচন্দ্র কলেজ, কলকাতা।	৯টা ৩০ মি. ১০টা ৩০ মি.
ধন্যবাদ জ্ঞাপন	ব্রজা মণ্ডল, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ।	১০টা ৩০ মি.
অনুষ্ঠান সম্বলনা	কল্পনা বসু, সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ।	
ছবি সংগ্রহ	রঞ্জন মাসা, অধ্যাপক, বাংলা বিভাগ।	
অংশগ্রহণকারীর সাক্ষর সংগ্রহ	গুনুজা শেঠ, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ এবং অধ্যাপক সৌমেন্দ্রনাথ শিকারি।	
প্রতিবেদন রচনা	কল্পনা বসু, সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ। সহযোগিতায় - গোবিন্দ মণ্ডল, বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ	
সার্বিক পরিচালনা	বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ	

MAHARANI KASISWARI COLLEGE  
KOLKATA-3

# Attendance sheet

Handwritten attendance sheet page 1, listing names and dates in Bengali script.

Handwritten attendance sheet page 2, listing names and dates in Bengali script.

Handwritten attendance sheet page 3, listing names and dates in Bengali script.

Handwritten attendance sheet page 4, listing names and dates in Bengali script.

Handwritten attendance sheet page 5, listing names and dates in Bengali script.

# Event Picture

